Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

২৭ মাঘ ১৪৩১ | 10 February 2025

## সংবাদ



### ঢাবি রোকেয়া হল ক্রীড়ায় সোহানা, ইফরিত ও হালিমা যুগ্ম চ্যাম্পিয়ন

সংবাদ স্পোর্টস ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইংরেজি বিভাগের শিক্ষার্থী সোহানা অক্তার, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর শিক্ষার্থী ইফরিত ফাইজা ইমি এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী হালিমাতুল সাদিয়া যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী বর্ষা রানী মহন্ত রানার্সআপ হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গতকাল সকালে কেন্দ্রীয় খেলার মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## The Country Today



### Sohana, Ifrit, Halima joint champions in DU Rokeya Hall annual sports competition

DU Correspondent

Sohana Akhter, a student of the English Department, Ifrit Faiza Imi, a student of the Institute of Disaster Management and Vulnerability Studies, and Halimatul Sadia, a student of the Mass Communication and Journalism Department, have become joint champions in the annual sports competition at Dhaka University Rokeya Hall.

In addition, Barsha Rani Mahanta, a student of the Management Department, has become the runner-up.

## দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রোববার সকালে কেন্দ্রীয় খেলার মাঠে রোকেয়া হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন -বর্তমান

### ঢাবি রোকেয়া হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সোহানা, ইফরিত ও হালিমা যুগ্ম চ্যাম্পিয়ন

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইংরেজি বিভাগের শিক্ষার্থী সোহানা আক্তার, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর শিক্ষার্থী ইফরিত ফাইজা ইমি এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী হালিমাতুল সাদিয়া যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী বর্ষা রানী মহন্ত রানার্স-আপ হয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান রবিবার সকালে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

কেন্দ্রর মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস কমিটির সভাপতি অধ্যাপক ড. এস এম আরিফ মাহমুদ, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## বর্তমান



# ঢাবি বৌদ্ধ ছাত্র সংসদ-এর নবীন বর
# সংবর্ধনা ও সাংস্কৃতিক সন্ধ্যা

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৌদ্ধ ধর্মাবলম্বী ছাত্রদের সংগঠন 'ঢাকা বিশ্ববিদ্যালয় বৌদ্ধ ছাত্র সংসদ'-এর নবীন বরণ, সংবর্ধনা ও সাংস্কৃতিক সন্ধ্যা শনিবার সন্ধ্যায় জগন্নাথ হলের রবীন্দ্র ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জগন্নাথ হলের প্রাধ্যক্ষ দেবাশীষ পালের সভাপতিত্বে অনুষ্ঠানে একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয় পালি এন্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের সুপারনিউমারারি অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া উদ্বোধনী বক্তব্য দেন। কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. সুমন কান্তি বড়ুয়া এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. শান্টু বড়ুয়াকে অনুষ্ঠানে

বিভাগের চেয়ারপার্সন ড. নীরু বড়ুয়া, ঢাকা বিশ্ববিদ
বৌদ্ধ ছাত্র সংসদ-এর সাবেক সাধারণ সম্পাদক
সুনন্দপ্রিয় মহাথের, বর্তমান সভাপতি অভিষেক বড়ু
সাধারণ সম্পাদক প্রতীক বড়ুয়া অনুষ্ঠানে বক্তব্য রাখে
ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শি
অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, প্রতিযোগিতাম
ভর্তি পরীক্ষার মাধ্যমে শুধু মেধার ভিত্তিতেই শিক্ষা
ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়। এখানে ধর্ম,
বা গোত্র বিবেচ্য নয়। প্রত্যেক ধর্ম ও বর্ণের শিক্ষ
বিশ্ববিদ্যালয়ে সমান সুযোগ ও অধিকার ভোগ করে
ঢাকা বিশ্ববিদ্যালয়কে ধর্মীয় সম্প্রীতির এক অ
প্রতিষ্ঠান হিসেবে উল্লেখ করে তিনি বলে
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সুযোগ-সুবিধার সদ্ব্যবহার
শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ মানুষ হিসেবে গড়ে উঠতে হ
পারস্পরিক ঐক্য, সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রে
পিছিয়ে পড়া শিক্ষার্থীদের এগিয়ে নিতে ঢা
বিশ্ববিদ্যালয় বৌদ্ধ ছাত্র সংসদ কার্যকর ভূমিকা প

## The Country Today



# DU Buddhist Students' Union's fresher's reception, cultural evening held

**DU Correspondent**

The fresher's welcome, reception and cultural evening of Dhaka University's Buddhist students' organization 'Dhaka University Buddhist Students' Union' was held on Saturday evening at the Rabindra Bhaban Auditorium of Jagannath Hall.

Dhaka University Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed was present as the chief guest at the event. Ekushey Padak recipient and supernumerary professor of the Department of Pali and Buddhist Studies

Continued to page 2

## DU Buddhist Students'

of Dhaka University, Dr. Sukomal Barua, delivered the inaugural address at the event presided over by Jagannath Hall's Provost Debashish Pal. Kishoreganj University Vice Chancellor Prof Dr. Dilip Kumar Barua, Rabindra University Pro-Vice Chancellor Prof Dr. Suman Kanti Barua and Dhaka University Assistant Proctor Dr. Shantu Barua was felicitated at the event. Chairperson of the Department of Pali and Buddhist Studies Dr. Niru Barua, former General Secretary of Dhaka University Buddhist Students' Union Monk Sunandapriyo Mahather, current President Abhishek Barua and General Secretary Pratik Barua spoke at the event.

Dhaka University Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed said that through competitive admission tests, students get admission in Dhaka University only on the basis of merit. Religion, caste or tribe are not considered here. Students of every religion and caste enjoy equal opportunities and rights in the university.

# The Bangladesh Today



The Department of Drawing and Painting, Dhaka University, has started her first solo exhibition titled 'Journey Through Reality' at the Zainul Gallery of the Faculty of Fine Arts yesterday. Dhaka University Treasurer Professor Dr. M. Jahangir Alam Chowdhury inaugurated the exhibition as the chief guest.The inaugural ceremony was presided over by Professor Dr. Md. Azharul Islam Sheikh, Dean of the Faculty of Fine Arts. Dr. Md. Abdus Sattar, Honorary Professor of the Department of Oriental Arts, Dhaka University, and others were present as special guests. In addition, Debajyoti Barshon's father and Dean of Jagannath Hall, Dhaka University, Debashish Pal, spoke at the event. This exhibition features 43 artworks. Photo: Courtesy

## দৈনিক আমাদের বার্তা

### ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে অসংগতি

# উদ্বিগ্ন না হওয়ার আহ্বান ঢাবির

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় শিক্ষা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে অসঙ্গতি নিয়ে প্রশ্ন ওঠা প্রসঙ্গে অভিযোগ খতিয়ে দেখছে ঢাবি প্রশাসন।

এ বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণের পাশাপাশি পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্বিগ্ন না০হওয়ার আহ্বান জানিয়েছে কর্তৃপক্ষ।

গত শনিবার ২০২৪-২৫ শিক্ষাবর্ষের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম (ব্যবসায় শিক্ষা ইউনিট) ভর্তি পরিক্ষার প্রধান সমন্বয়কারী অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইনাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সবার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ব্যবসায় শিক্ষা ইউনিটের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্রে অসঙ্গতি বিষয়ে উত্থাপিত অভিযোগ নিবিড়ভাবে খতিয়ে দেখার জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

পরীক্ষার্থীদের স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে বিষয়টি সমাধানের লক্ষ্যে কার্যক্রম চলছে।

উদ্ভূত পরিস্থিতিতে উদ্বিগ্ন না-হওয়ার জন্য পরীক্ষার্থী ও অভিভাবকদের প্রতি আন্তরিকভাবে আহ্বান জানানো হচ্ছে।

উল্লেখ্য, ৮ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই পরীক্ষার প্রশ্নপত্রে অসঙ্গতির অভিযোগ ওঠে।

শিক্ষার্থীদের অভিযোগ, একই সেটের প্রশ্ন ধারাক্রমে অসঙ্গতি রয়েছে বলে দেখা গেছে। একইসঙ্গে প্রশ্নপত্রে পুনরাবৃত্তিও পাওয়া গেছে। বিষয়টি শিক্ষার্থীদের বিভ্রান্ত করেছে বলে জানা যায়।

## আজকালের খবর

# ঢাবি ভর্তি পরীক্ষার প্রশ্নে অসঙ্গতি, সমস্যা সমাধানযোগ্য বলছেন কর্তৃপক্ষ

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা ইউনিটের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় একই সেটের প্রশ্নে ক্রমধারায় ভুল, প্রশ্নের পুনরাবৃত্তিসহ একাধিক অসঙ্গতির তথ্য পাওয়া গেছে। যদিও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দাবি সকল প্রশ্নপত্রে এ ঘটনা ঘটেনি। গত শনিবার সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার প্রশ্ন বিশ্লেষণ করে দেখা যায়, 'এ' সেটের একটি প্রশ্নপত্রে দেখা গেছে, অ্যাকাউন্টিং অংশে ২৫ নম্বরের প্রশ্নটি ৩৩ নম্বরেও এসেছে। ২৬ নম্বর প্রশ্নটি হুবহু হয়েছে ৩৪ নম্বরে। ২৭ নম্বর প্রশ্ন ও ৩৫ প্রশ্নই একই। এ ছাড়া ২৮ নম্বর প্রশ্নটি পুনরাবৃত্তি হয়েছে ৩৬ নম্বরে। 'বি' প্রশ্ন পুনরাবৃত্তির ঘটনা ঘটেছে। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলছে, পুনরাবৃত্তির সমস্যা অল্প কয়েকটি প্রশ্নপত্রে হয়েছে। এ বিষয়ে ব্যবসায় শিক্ষা ইউনিটের প্রধান সমন্বয়কারী ও ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক মাহমুদ ওসমান ইমাম বলেন, ভুলবশত 'এ' সেটের প্রশ্নের মধ্যে 'বি' সেটের পৃষ্ঠা আসার কারণে চারটা প্রশ্ন রিপিট হয়েছ। তবে সেটি অল্পকিছু সংখ্যক প্রশ্নে। আমরা এর সমাধান করে ফেলবো। শিক্ষার্থীদের ব্যাপারে তিনি বলেন, এতে শিক্ষার্থীদের কোনও ক্ষতি হবে না। তারা সুবিধা পাবে। আমরা ইতোমধ্যে যেসব অভিযোগ পেয়েছি, কোন হলে, কোন কেন্দ্রে, সেগুলোতে আলাদা রিড করাচ্ছি। কোন প্রক্রিয়ায় শনাক্ত করা হবে তা জানতে চাইলে মাহমুদ ওসমান ইমাম বলেন, এটা জানানো যাবে না। তবে আমি এতটুকু নিশ্চিত করছি, কোনও শিক্ষার্থীর সাথে কোনও বৈষম্য করা হবে না, যারা সঠিক প্রশ্ন পেয়েছে, তাদের সাথেও করা হবে না, যাদের কাছে ভুল প্রশ্ন গিয়েছে, তাদেরও পূর্ণ সুবিধা দেওয়া হবে। আমরা কর্তৃপক্ষের কাছেও দায়বদ্ধ।